



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**8 June 2026**

**7:35 AM IST**

---

---

ইউরোপীয় ইউনিয়নের উচ্চ-পর্যায়ের এক প্রতিনিধিদল আজ দুদিনের সফরসূচী নিয়ে আসামে আসছেন। ইউরোপ ও ভারতের উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে বানিজ্য, বিনিয়োগ এবং বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে এই সফর বলে ইউরোপীয় ইউনিয়নের পক্ষ থেকে জানানো হয়েছে। প্রতিনিধি দল আগামীকাল অনুষ্ঠেয় রু ভ্যালিজ : বিল্ডিং ইকোসিস্টেমস এন্ড ভ্যালু চেইন্স বিটুইন ইন্ডিয়া এন্ড ইউরোপ শীর্ষক কর্মশালায় অংশ নেবে। এই সফর উপলক্ষে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে ই- ইউ প্রতিনিধিদলকে স্বাগত জানিয়ে বলেন এই সফর ভারত ই-ইউ সম্পর্কে আরো সুদৃঢ় করবে এবং বানিজ্যিক সম্পর্ক ও উভয় দেশের উন্নয়নের নতুন দিগন্ত উন্মোচন করবে।

---

---

কৃষ্ণেন্দু পালকে কাছাড় ও ডিমাহাসাও , কৌশিক রাইকে শ্রীভূমি ও হাইলাকান্দি জেলার অভিবাবক মন্ত্রীর দায়িত্ব দেওয়া হয়েছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্তু বিশ্ব শর্মা গতকাল সামাজিক মাধ্যমে জানান যে রামেশ্বর তেলীকে তিনসুকিয়া ও যোরহাট , অতুল বরাকে কামৰূপ মহানগর , ও ধেমাজী , চরণ বরাকে কোকরাঝার , বাক্সা , চিরাং , অজন্তা নেওগকে মরিগাও ও কামৰূপ গ্রামীন , অশ্বিনী রায় সরকারকে বঙাইগাও ও বরপেটা জেলার অভিবাবক মন্ত্রীর দায়িত্ব দেওয়া হয়েছে । একইভাবে অশোক সিংহলকে দরং , ধুবরী , বিমল বরাকে শিবসাগর , চরাইদেউ , বিশ্বজিৎ দৈমারীকে নলবারী শোনিতপুর , জয়ন্ত মল্ল বরুয়াকে তামুলপুর ও গোয়ালপারার দায়িত্ব দেওয়া হয়েছে । এদিকে মন্ত্রী কেশব মহন্তকে দক্ষিণ শালমাৰা মানকাচর ও উত্তর লখিমপুর , নিলীমা দেবীকে বজালী , ওদালগিরি , পীযুষ হাজারিকাকে নগাও , হোজাই , কাৰ্বি আংলং , পশ্চিম কাৰ্বি আংলং , ডা: রণোজ পেগুকে বিশ্বনাথ , গোলাঘাট এবং সুশান্ত বরগোহাইকে মাজুলী ও ডিব্ৰুগড় জেলার দায়িত্ব দেওয়া হয়েছে । মন্ত্রীরা সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সংগে সমন্বয় রক্ষা করে উন্নয়ন , সুশাসন ও সমৃদ্ধির যাত্রাকে আরো গতিশীল করবেন বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন ।

---

আসাম, সরকার রাজ্যে আরো ২ লক্ষ সরকারী চাকুরি প্রদানের জন্য যাবতীয় প্রক্রিয়া শুরু করেছে । সেই অনুযায়ী রাজ্য সরকারের কর্মচারী বিভাগ সব প্রশাসনিক বিভাগের প্রবীন সচিবদের পত্র পাঠিয়ে

শূন্য পদের বিস্তারিত তথ্য ১৭ই জুনের মধ্যে জমা দিতে নির্দেশ দিয়েছে। নব নির্বাচিত রাজ্য সরকার প্রথম কেবিনেট বৈঠকে আগামী ৫ বছরে ২ লক্ষ চাকুরী সৃষ্টির বিষয়টি ত্বরান্বিত করার জন্য মুখ্য সচিবের নেতৃত্বে ইতিমধ্যে টাস্কফোর্স গঠন করেছে।

---

আসাম সরকার নিম্ন ও উচ্চ প্রাথমিকের বড়ো, গারো, মণিপুরি এবং মার ভাষা মাধ্যমের জন্য আগামী ২৮শে জুন বিশেষ টেট পরীক্ষা অনুষ্ঠিত করবে। আসাম সরকারের রাজ্য পর্যায়ে অধিকার প্রাপ্ত টেট কমিটির এ সম্পর্কে জারি করা বিজ্ঞপ্তি অনুযায়ী পরীক্ষার্থীরা আগামী ১২ই জুন সকাল ১১ টা থেকে আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের ওয়েবসাইট [www.sebaonline.org](http://www.sebaonline.org) থেকে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। পরীক্ষার্থীদের প্রবেশ পত্রের সঙ্গে যেকোন ফটোযুক্ত পরিচয়পত্র পরীক্ষার দিন সঙ্গে নিয়ে আসতে হবে। এছাড়া পরীক্ষা কেন্দ্রের ভেতরে মোবাইল ফোন, কোনধরনের ইলেক্ট্রনিক সামগ্রী, ডিজিট্যাল ঘড়ি ইত্যাদি সঙ্গে রাখা যাবে না।

---

আসাম লোকসেবা আয়োগ আগামী ৫ই জুলাই সংযুক্ত প্রতিযোগিতামূলক প্রারম্ভিক পরীক্ষা অনুষ্ঠিত করার কথা ঘোষণা করেছে। এ সম্পর্কে কমিশনের জারী করা বিজ্ঞপ্তি অনুসারে এই প্রারম্ভিক পরীক্ষা রাজ্যের ৩৫টি জেলা সদরে অনুষ্ঠিত হবে। আবেদনকারী প্রার্থীদের তালিকা আজ থেকে আগামী ১৫ই জুনের মধ্যে কমিশনের ওয়েবসাইট [WWW.apsc.nic.in](http://WWW.apsc.nic.in) এ পাওয়া যাবে বলে জানানো হয়েছে।

---

বরাক চা শ্রমিক ইউনিয়ন ও বরাক ভ্যালী চা যুব কল্যান সমিতির যৌথ উদ্যোগে গতকাল শিলচরের বরাক চা শ্রমিক ইউনিয়ন কার্যালয়ে উদ্বোধনের নব নির্বাচিত বিধায়ক রাজদীপ গোয়ালা ও বরাক উপত্যকার বিভিন্ন চা বাগানে কর্মরত চা শ্রমিকদের যেসব ছেলে-মেয়ে চলতি বছরের মাধ্যমিক পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে , তাদেরকে সংবর্ধনা জানানো হয় । সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে শিলচর গুরুচরন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিরঞ্জন রায় ছাত্র-ছাত্রীদের নিজেদের লক্ষ্যে অবিচল থেকে পড়াশুনা চালিয়ে যাওয়া এবং সমাজের কাজে নিজেদের নিয়োজিত রাখার আহ্বান জানান ।

সংবর্ধনা অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালা , বরাক চা যুব কল্যান সমিতির সভাপতি লালন প্রসাদ গোয়ালা প্রমুখ বক্তব্য রাখেন ।

---

---

সর্ব ভারতীয় মহিলা সাংস্কৃতিক সংগঠনের আসাম রাজ্য কমিটির উদ্যোগে আজ গুয়াহাটীর জেলা গ্রন্থাগার ভবনে নারীদের প্রতি ক্রমবর্ধমান সহিংসতা , পর্নোগ্রাফি এবং মদ ও মাদকের প্রসার বন্ধের দাবীতে গণ অভিবর্তন অনুষ্ঠিত হয় । রাজ্যের বিভিন্ন জেলা থেকে আগত প্রতিনিধিদের সামনে সংগঠনের রাজ্য সভানেত্রী ডক্টর চিত্রলেখা দাস , রূপকোয়র জ্যোতিপ্রসাদ আগরওয়ালের কন্যা জ্ঞানশ্রী পাঠক , মনোরোগ বিশেষজ্ঞ ডক্টর দ্বিপেশ ভগবতী প্রমুখ বক্তব্য রাখেন ।

---

---